

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/29/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো মারিজুয়ানার ব্যবহারকে অবৈধ ঘোষণা করে আইনে স্বাক্ষর করেছেন  
জরিমানার মাধ্যমে দণ্ডের বিধান রেখে বেআইনিভাবে মারিজুয়ানা রাখার শাস্তি কমানো  
মারিজুয়ানা রাখার কারণে নির্দিষ্ট অভিযোগে অভিযুক্ত ব্যক্তিদের রেকর্ড মুছে ফেলার প্রক্রিয়া  
তৈরি

গভর্নর কুওমো: "মারিজুয়ানা নিয়ন্ত্রক আইনসমূহ দ্বারা দীর্ঘকাল ধরে বিভিন্ন বর্ণের  
কমিউনিটিগুলো সামঞ্জস্যহীনভাবে প্রভাবিত হয়েছে এবং আজ আমরা সবার জন্য এই অন্যায়  
চূড়ান্তভাবে সমাপ্ত করছি।"

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ (S.6579A/A.8420) আইনে স্বাক্ষর করেছেন যা ভবিষ্যতে নিউ ইয়র্ক স্টেটে মারিজুয়ানার ব্যবহারকে অবৈধ হিসেবে গণ্য করবে। মারিজুয়ানা বিষয়ক নিউ ইয়র্কের বর্তমান আইন সামঞ্জস্যহীনভাবে আফ্রিকান আমেরিকান এবং ল্যাটিন কমিউনিটিকে প্রভাবিত করে এবং এই আইন বেআইনিভাবে মারিজুয়ানা রাখার শাস্তি কমিয়ে তা জরিমানার মাধ্যমে দণ্ডনীয় করে এবং অল্প পরিমাণে মারিজুয়ানা রাখার কারণে অভিযুক্ত ব্যক্তিদের রেকর্ড মুছে ফেলার একটি প্রক্রিয়া তৈরি করে সেসব বর্ণবাদী এবং জাতিগত বৈষম্যের মোকাবেলা করবে। গভর্নর 2013 সালে প্রথমবার মারিজুয়ানার ব্যবহারকে অবৈধ করার প্রস্তাবনা উপস্থাপন করেন এবং 2020 অর্থবছরের বাজেটে তিনি পুনরায় তা উপস্থাপন করেন। বিলটি আইনে পরিণত হওয়ার 30 দিনের মধ্যে কার্যকর হবে।

"মারিজুয়ানা নিয়ন্ত্রক আইনসমূহ দ্বারা দীর্ঘকাল ধরে বিভিন্ন বর্ণের কমিউনিটিগুলো সামঞ্জস্যহীনভাবে প্রভাবিত হয়েছে এবং আজ আমরা সবার জন্য এই অন্যায় চূড়ান্তভাবে সমাপ্ত করছি", **গভর্নর কুওমো বলেন।** "মারিজুয়ানা রাখার দায়ে অন্যায়ভাবে সাজা ভোগ করেছে এমন অভিযুক্ত ব্যক্তিদেরকে তাদের রেকর্ড মুছে ফেলার সুযোগ প্রদান এবং কঠোর শাস্তি কমানোর মাধ্যমে আমরা দুর্বল এবং বৈষম্যমূলক ফৌজদারি বিচার প্রক্রিয়া মোকাবেলায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছি।"

**সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "আমাদের স্টেটের দুর্বল বিচার ব্যবস্থায় সংস্কার আনার জন্য মারিজুয়ানাকে অবৈধ ঘোষণা করা একটি অপরিহার্য অংশ হয়ে দাড়িয়েছে। দীর্ঘদিন ধরে, বিভিন্ন বর্ণের কমিউনিটিগুলোকে সামঞ্জস্যহীনভাবে লক্ষ্যবস্তু বানানো হয়েছে

এবং নেতিবাচকভাবে প্রভাবিত করা হয়েছে। সিনেট ডেমোক্রেটিক মেজরিটি মারিজুয়ানার পূর্ণ আইনিকরণ এবং রেগুলেশনে আমাদের প্রচেষ্টাকে অব্যাহত রাখবে এবং আজকের এই অবৈধকরণের ঘোষণা তারই একটি প্রথম ভালো পদক্ষেপ।"

**অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন,** "মাদক নিয়ে স্টেটের বর্তমান আইনের কারণে দশকের পর দশক চলতে থাকা অন্যায়ে বিচার করার জন্য এই আইনটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। মারিজুয়ানা অবৈধ ঘোষণা করা এবং নিম্ন স্তরের অপরাধে অভিযুক্ত ব্যক্তিদের রেকর্ড মুছে ফেলার পদক্ষেপটি আমাদের কমিউনিটিগুলোকে, বিশেষ করে সেইসব ব্যক্তিদের ক্ষেত্রে যারা এর কারণে বিপর্যস্ত হয়ে পড়েছেন, তাদেরকে সহায়তা করার দিকে অনেক এগিয়ে নিয়ে যাবে। এসব রেকর্ডের কারণে উদ্ভূত প্রতিবন্ধকতা এবং কলঙ্কসমূহ মোছনের মাধ্যমে একটি কর্মসংস্থান, আবাসন খোঁজার এবং সফল ও ফলপ্রসূ জীবন যাপন করার উপায় অনেক নিউ ইয়র্কবাসীর জন্য আমরা উন্মোচন করেছি।"

এই আইনের কারণে নিচে উল্লিখিত পদক্ষেপের মাধ্যমে মারিজুয়ানা নিষেধাজ্ঞা আরও স্পষ্ট ও ন্যায্যসঙ্গত হবে:

- বেআইনিভাবে মারিজুয়ানা রাখার শাস্তি কমিয়ে তা জরিমানার মাধ্যমে দণ্ডনীয় করা এবং দুই আউন্সের কম যেকোনো পরিমাণ মারিজুয়ানা রাখার জন্য ফৌজদারি শাস্তি বাতিল করা এবং
- মারিজুয়ানার কারণে নির্দিষ্ট অভিযোগে অভিযুক্ত ব্যক্তিদের জন্য এমন একটি প্রক্রিয়া তৈরি করা যা অতীত এবং ভবিষ্যতে দোষী সাব্যস্তকরণ করা থেকে তাদের রেকর্ড মুছে ফেলবে।

**সিনেটর জামাল টি. বেইলি বলেন,** "মারিজুয়ানা রাখার জন্য সেসব দোষী ব্যক্তিদের একটি অপরাধমূলক রেকর্ড থাকে যা সারাজীবনের জন্য তাদের জীবনের সাথে জড়িয়ে যায়, সম্ভাব্যভাবে এটি তাদের শিক্ষা গ্রহণের সুযোগকে সীমাবদ্ধ করবে, কর্মসংস্থান অর্জনে তাদের সক্ষমতাকে প্রভাবিত করবে, যার ফলে তাদের পরিবারের প্রতিপালন করতে তারা আবশ্যিকভাবে অক্ষম হয়ে পড়বে। অবশেষে অতীত-সম্বন্ধীয় এবং দূরদর্শী উভয় দিক রয়েছে এমন একটি সঠিক নিশ্চিতকরণ প্রক্রিয়া সৃষ্টি হচ্ছে যা মাদককে নিয়ে বড় বড় সংঘর্ষের অবসান ঘটাবে, যার কারণে বিভিন্ন বর্ণের কমিউনিটিগুলোর অনেক ক্ষতি হয়েছে। এই বিষয়ে প্রতিজ্ঞাবদ্ধ থাকার জন্য এবং এই বিল যাতে আইনে পরিণত হয় তা নিশ্চিত করার জন্য আমি অ্যাসেম্বলি স্পন্সর এবং অ্যাসেম্বলি মেজরিটি লিডার ক্রিস্টাল পিপলস-স্টোকস, গভর্নর অ্যান্ড্রু কুওমো, মেজরিটি লিডার অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিম এবং অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টিকে ধন্যবাদ জানাতে চাই।"

**অ্যাসেম্বলি মেজরিটি লিডার ক্রিস্টাল ডি. পিপলস-স্টোকস বলেন,** "দীর্ঘদিন ধরে বিভিন্ন বর্ণের কমিউনিটিগুলো বৈষম্যমূলক অপরাধ বিষয়ক নীতির শিকার হয়ে আসছে এবং অল্প পরিমাণ মারিজুয়ানা রাখার দায়ে গুরুতর সাজা ভোগ করেছে, যেখানে অন্যরা কখনোই আটক বা অভিযুক্ত হয়নি। আমরা চূড়ান্তভাবে নিউ ইয়র্কে মারিজুয়ানা সবার জন্য অবৈধ ঘোষণা করার মাধ্যমে নির্দিষ্ট কমিউনিটিগুলোকে অন্যায়ভাবে লক্ষ্যবস্তুতে পরিণত করা এই নিপীড়নমূলক চক্রের অবসান করছি।"

এই বিলে স্বাক্ষর করার জন্য এবং সমতার নামে এই গুরুত্বপূর্ণ পদক্ষেপটি সামনে এগিয়ে নেওয়ার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)